# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali TextBulletin

**29-03-2026 Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবর ঃ-**

১) পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতির প্রেক্ষিতে দেশের জ্বালানি সরবরাহ বিষয়ে গুজবে কান না দেওয়ার জন্য দেশবাসীর কাছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আহ্বান জানিয়েছেন।

সংকটের এই সময় ভারত ঐক্যবদ্ধ থেকে চ্যালেঞ্জের মোকাবিলায় সক্ষম বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন।

২) আকাশবাণীর ১৩২-তম মন-কি-বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী স্বাস্থ্য এবং ফিটনেসের ওপর ফের জোর দিয়ে দেশবাসীকে চিনি ও তেলের ব্যবহার কমানোর কথা বলেছেন।

৩) মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, তাদের সাড়ে তিন হাজার নৌ-সেনা ও নাবিক পশ্চিম এশিয়ায় পৌঁছেছে।

৪) সংযুক্ত আরব আমিরশাহী ,কুয়েত এবং বাহারিনে ইরানের দিক থেকে ক্ষেপণাস্ত্র এবং ড্রোনের মুহুর্মুহু হামলার জেরে উপসাগরীয় অঞ্চলে প্রতিরক্ষা বাহিনীকে সতর্ক করা হয়েছে।

৫) প্রবীণ বিজেপে নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে কেরলামের পাল্লাকাড় এবং ত্রিশূরে নির্বাচনী Rally এবং রোডশো-এ যোগ দেবেন।

৬) আই পি এল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স তাদের প্রথম ম্যাচে মুম্বাই ইন্ডিয়ান্সের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতি ভারত দৃঢ়তার সঙ্গে মোকাবিলা করছে। তিনি এই সংকটকালে দেশবাসীর কাছে এক জোট হয়ে পরিস্থিতি মোকাবিলার আহ্বান জানিয়েছেন। আজ আকাশবাণীর ১৩২-তম মন-কি-বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এই ধরনের পরিস্থিতিতে গুজবে প্রবাবিত না হওয়ার জন্য দেশবাসীকে বলেছেন। উপসাগরীয় অঞ্চলে কর্মরত ভারতীয়দের দেশে ফেরার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দেশের জ্বালানি সংক্রান্ত পরিস্থিতি বিষয়ে স্বচ্ছভাবে তথ্য জানানোর জন্য সরকার নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং এই সব তথ্যের ওপর নির্ভর করার জন্যই দেশবাসীর কাছে আবেদন জানিয়েছেন তিনি।

(বাইট – পশ্চিম এশিয়া সংকট/সরকারী তথ্য)

প্রধানমন্ত্রী আমাদের দেশের মহান সংস্কৃতি ও সমৃদ্ধ ঐতিহ্যে সংরক্ষণের জন্য "জ্ঞান ভারতম সমীক্ষা"র কথা বলেছেন, তিনি জ্ঞান ভারতম অ্যাপে পুরনো পান্ডুলিপি শেয়ার করার জন্য মানুষের কাছে আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী জানিয়েছেন, ভারতের নিজস্ব সংস্কৃতিকে বিশ্বের কাছে তুলে ধরতে বহু মানুষ বিভিন্ন ধরনের পান্ডুলিপি শেয়ার করেছেন।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে দেশের যুব শক্তি যেভাবে রাষ্ট্র নির্মাণের ক্ষেত্রে অবদান রাখছেন, তার প্রশংসা করেছেন। তিনি এই প্রসঙ্গে মাই ভারত সংগঠনের কাজের কথা তুলে ধরেন। সারা দেশজুড়ে যুব শক্তিকে বাজেট প্রক্রিয়া এবং নীতি নির্ধারণের সঙ্গে যুক্ত করার লক্ষে যে কর্মসূচীর আয়োজন করা হয়েছিল, তাতে দেশের যুব সম্প্রদায় বিপুলভাবে সাড়া দেওয়ায় তিনি সন্তোষ ব্যক্ত করেছেন।

প্রধানমন্ত্রী দেশের মানুষের শারীরিক সক্ষমতার ওপর পুনরায় জোর দিয়ে বলেছেন, যোগাভ্যাসের প্রতি গোটা বিশ্বের আকর্ষণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। দেশের মানুষের কাছে চিনি, ভোজ্য তেলের ব্যবহার কমিয়ে স্থূলতা এবং অন্যান্য অসুখ থেকে নিজেদের বাঁচিয়ে রাখার কথাও শ্রী মোদী উল্লেখ করেছেন।

(বাইট – ফিটনেস)

প্রধানমন্ত্রী টি –টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে ভারতের ঐতিহাসিক জয়ের কথা উল্লেখ করে বলেছেন, এই সাফল্য আমাদের দেশে খেলোয়াড়দের দীর্ঘ সময় ধরে নিরন্তর প্রচেষ্টার ফলেই সম্ভব হয়েছে। জম্মু-কাশ্মীর, রঞ্জি ট্রফি ক্রিকেট প্রতিযোগিতায় জয়লাভ করায় তিনি সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। তিনি বলেন, কাশ্মীরের তরুণ বোলার আকিব নবীর মতো খেলোয়াড়দের সাফল্য ওই রাজ্যের যুবকদের খেলাধুলার প্রতি উৎসাহ বৃদ্ধিতে সহায়ক হবে।

এছাড়াও গুলমার্গে খেলো ইন্ডিয়া উইন্টার গেমস্ আয়োজনের ফলে ওই অঞ্চলটি দেশে খেলাধূলার কেন্দ্র হয়ে উঠতে পারে বলেও তিনি অভিমত প্রকাশ করেছেন। ভারতের উত্তরপ্রদেশের প্রতিভাবান দৌড়বিদ গুলবীর সিং-এর নিউইয়র্ক সিটি হ্যাফ ম্যারাথনে দুর্দান্ত ক্রীড়া নৈপুন্যের প্রদর্শনের এবং স্কোয়াশে ভারতের মহিলা খেলোয়াড় অনাহত সিং যেভাবে আন্তর্জাতিক খেতাব জয় করেছেন তারও প্রশংসা করেন।

(বাইট – খেলাধূলো)

দেশের ছাত্র-ছাত্রীরা যাতে আরও বেশি করে বিজ্ঞান এবং উদ্ভাবনের প্রতি আকৃষ্ট হয়, তার উল্লেখ করে প্রধানমন্ত্রী বেঙ্গালুরুর এক প্রতিষ্ঠানের বিজ্ঞান শিক্ষা জনপ্রিয় করে তোলার প্রজেক্টের কথা করেন। তিনি ছাত্র-ছাত্রীদের মধ্যে কৌতুহল এবং অনুসন্ধিৎসা জাগ্রত করে তোলার ওপর জোর দেন।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে পুনরায় জল সংরক্ষণের ওপর বিশেষ গুরুত্ব দেন। জল সঞ্চয় অভিযান এরফলে সারা দেশে প্রায় ৫০ লক্ষ কৃত্রিম জল সঞ্চয় পরিকাঠামো গড়ে উঠেছে বলে তিনি জানান। বাড়ির ছাদে জল সংরক্ষণের ক্ষেত্রে ত্রিপুরার ওয়াংমুন গ্রামের অধিবাসীরা যে উদ্যোগ নিয়েছেন, তিনি তাঁর প্রশংসা করেন।

সূর্যঘর মুক্ত বিজলি যোজনার সুফল যেভাবে দেশের বিভিন্ন প্রান্তে দেখা যাচ্ছে, শ্রী মোদী তার উল্লেখ করে বলেন, এর মাধ্যমে পরিবেশ বান্ধব শক্তি উৎপাদন করা সম্ভব

হচ্ছে এবং অতিরিক্ত উৎপাদিত বিদ্যুৎ বিক্রি করে অর্থ উপার্জনেরও ব্যবস্থা হয়েছে। তাছাড়াও দেশের বহু প্রত্যন্ত অঞ্চলে এই সৌর বিদ্যুতের মাধ্যমে শক্তির প্রয়োজন মেটানো সম্ভব হয়েছে।

তিনি এই ধরনের পদক্ষেপকে বৈপ্লবিক বলে উল্লেখ করে দেশবাসীকে এর মতো উদ্যোগের সঙ্গে যুক্ত হওয়ার আহ্বান জানান।

(বাইট – সূর্যঘর মুক্ত বিজলি যোজনা)

oooooooooooooooooooooo

নকশাল-মুক্ত ভারত অভিযান নিয়ে লোকসভায় আগামীকাল সোমবার, আলোচনা হবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ নকশাল-মুক্ত ভারত গড়ার যে ডাক দিয়েছেন সেই লক্ষ্য পূরণে সময়সীমা নির্ধারণ করা হয়েছে এই বছরের ৩১শে মার্চ, অর্থাৎ মঙ্গলবারই সেই সময়সীমা শেষ হচ্ছে।

তার একদিন আগে, আগামীকাল , নকশাল-মুক্ত ভারত অভিযান নিয়ে বিশেষ আলোচনার জন্য লোকসভার কার্যসূচি অনুযায়ী, সময় বরাদ্দ করা হয়েছে। বিধি ১৯৩ অনুসারে, শিবসেনা সাংসদ শ্রীকান্ত শিন্ডে এই আলোচনা শুরু করবেন।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল ক্যামেরুনে চতুর্দশ বিশ্ব বাণিজ্য সংস্থার মন্ত্রী পর্যায়ের সম্মেলনের পাশাপাশি সেখানে বসবাসকারী ভারতীয়দের একটি সভায় গতকাল ভাষণ দেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি জানিয়েছেন, দুটি দেশের বাসিন্দাদের মধ্যে বন্ধন আরো দৃঢ় করতে এবং দু'দেশের সম্পর্ক নিবিড় করার ক্ষেত্রে ক্যামেরুনর ভারতীয়দের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো গভীর করার ওপর ও মন্ত্রী জোর দেন।

আগেই জানানো হয়েছে, কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল, গ্লোবাল সাউথ বা দক্ষিণী বিশ্বের কণ্ঠস্বরকে বাণিজ্যিক ক্ষেত্রে আরও জোরালো করার এবং একটি

অধিকতর অন্তর্ভুক্তিমূলক ও ন্যায়সঙ্গত বহুপাক্ষিক বাণিজ্য সংস্থা হিসাবে ডব্লিউটিওকে তুলে ধরার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন।

oooooooooooooooooooooo

মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, তাদের সাড়ে তিন হাজার নৌ-সেনা ও নাবিক পশ্চিম এশিয়ায় পৌঁছেছে। ইরানের সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে মার্কিনযুক্তরাষ্ট্রের সেনা বাহিনীকে মোতায়েন করার লক্ষেই সেনা বাহিনীর মেরিনরা পশ্চিম এশিয়ায় এসেছে বলে মনে করা হচ্ছে। আগেই জানানো হয়েছে, মধ্য প্রাচ্যের সাম্প্রতিক সংকটের জেরে মার্কিন যুক্তরাষ্ট্র ওই অঞ্চলে অতিরিক্ত ১০ হাজার পদাতিক সেনা মোতায়েন করার কথা বিবেচনা করছে।

oooooooooooooooooooooo

সংযুক্ত আরব আমিরশাহী ,কুয়েত এবং বাহারিনে ইরানের দিক থেকে ক্ষেপণাস্ত্র এবং ড্রোনের মুহুর্মুহু হামলার জেরে উপসাগরীয় অঞ্চলে প্রতিরক্ষা বাহিনীকে সতর্ক করা হয়েছে। ইরানের ইস্পাত কেন্দ্র কুটির ওপর আমেরিকা এবং ইসরাইলের দুটি বড় যৌথ আক্রমণের প্রত্যুত্তরে এই হামলা বলে মনে করা হচ্ছে। ইরান উপসাগরীয় এলাকার শিল্প এলাকা গুলিকে এবার লক্ষ্য করে হামলা শুরু করেছে। এমিরেটস গ্লোবাল অ্যালুমিনিয়াম এর তরফে জানানো হয়েছে আবুধাবিতে তাদের আল তাওইলাহ্তে উৎপাদন ব্যবস্থা ব্যাহত হয়েছে। এছাড়া এ্যালমুনিয়াম বাহারিন যা আলবা নামে পরিচিত তারাও জানিয়েছে , রিভোলিউশনারি গার্ডের হামলায় তাদের দুজন শ্রমিক আহত হয়েছেন। সংযুক্ত আরব আমিরশাহীর প্রতিরক্ষা মন্ত্র জানিয়েছে তারা কুড়িটি ব্যালিস্টিক মিসাইল এবং ৩৭ টি ড্রোনকে গতকাল ধ্বংস করেছে এবং যুদ্ধ শুরু হওয়ার পর থেকে প্রায় ৪০০ টি ব্যালেস্টিক ক্ষেপণাস্ত্র, ১৫ টি ক্রুজ মিসাইল এবং প্রায় ১৯০০ টি ড্রোণ তারা ধ্বংস করতে সক্ষম হয়েছে। বিশ্বের মোট ধাতু যোগানের প্রায় ৯ শতাংশ উপসাগরীয় অঞ্চলের অ্যালুমিনিয়াম উৎপাদকরা যোগান দিয়ে থাকেন, এই যুদ্ধ শুরু

হওয়ার পর থেকে হরমুজ প্রণালী বন্ধ হয়ে যাওয়ায় জাহাজের মাধ্যমে ধাতু সরবরাহ বন্ধ হয়ে গেছে।

অন্যদিকে, ইসরাইল তেহরানের মধ্যস্থলে ইরানের পরিকাঠামোর ওপর ভয়ংকর হামলা চালিয়েছে। ইসরাইল সেনা জানিয়েছে, অস্ত্রের সম্ভার এবং উৎপাদন স্থল ধ্বংসের লক্ষ্য বস্তু করা হয় , এর মধ্যে ব্যালেস্টিক মিসাইল উৎপাদন এবং মজুত স্থলগুলিও ছিল। তাদের আক্রমণে অস্থায়ী বহু সেনাকেন্দ্র ধ্বংস হয়ে গেছে এবং সেখানকার প্রধান দপ্তরগুলিতে যারা ছিল তারা সকলেই মারা পড়েছে বলে, সেনাবাহিনীর কমান্ডার জানিয়েছে। সংঘাত শুরু হওয়ার পর থেকে ইরানের অভ্যন্তরে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অপারেশন , যা ইরানের সেনা এবং রসদের ওপর সবচেয়ে বড় আক্রমণ বলেও জানানো হয়েছে। আমেরিকা এবং উপসাগরীয় অঞ্চলে ইসরাইলের বিশ্ববিদ্যালয়গুলির ওপর হামলার সতর্ক বার্তা দিয়ে ইরানের আধিকারিক এবং রেভলিউশনারি গার্ড কোর হুঁশিয়ারি দিয়ে বলেছে ইরানের শিক্ষা প্রতিষ্ঠান ও ঐতিহ্যবাহী স্থানগুলির ওপর আক্রমণের ঘটনার ওয়াশিংটন নিন্দা না করলে,এভাবেই প্রতিশোধ নেওয়া হবে । অন্যদিকে ইয়েমেনের হুথিরা ইসরাইল লক্ষ্য করে দ্বিতীয় দফার হামলা চালানোর ঘোষনা করায়, পশ্চিম এশিয়ার সংঘাত আরো বাড়ার আশঙ্কা দেখা দিয়েছে

oooooooooooooooooooooo

প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিকেলে কেরালামের পালাক্কাডে একটি র‍্যালি এবং ত্রিশূরে একটি রোড শোয়ে যোগ দেবেন। সোশ্যাল মিডিয়া পোস্টে প্রধানমন্ত্রী জানিয়েছেন ,কেরালায় এবার মানুষ এনডিএর পক্ষে জনমত জানাবেন। রাজ্যবাসী এলডিএফ এবং ইউডিএফ এর কুশাসনে এতকাল যথেষ্ট দুর্দশার মধ্যে কাটিয়েছেন।

oooooooooooooooooooooo

আইপিএলে আজ মুম্বাই এর ওয়াংখেড়ে স্টেডিয়ামে কলকাতা নাইট রাইডার্স ,মুম্বাই ইন্ডিয়ান্স এর বিরুদ্ধে মাঠে নামবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়। গতকাল

১৯তম আইপিএলের প্রারম্ভিক ম্যাচে, বেঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে গতবারের চ্যাম্পিয়ন রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু সানরাইজার্স হায়দরাবাদ কে ৬ উইকেটে হারিয়ে দেয়। টসে জিতে বেঙ্গালুরু প্রথমে হায়দ্রাবাদ কে ব্যাট করতে পাঠায়। নির্ধারিত কুড়ি ওভারে হায়দ্রাবাদ নয় উইকেট হারিয়ে ২০১ রান তোলে। জবাবে ,বেঙ্গালুরু চার ওভার দু বল বাকি থাকতেই জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। বিরাট কোহলি ৩৮ বলে ৬৯ রান করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০